



ডেঙ্গু মোকাবিলায় জনগণকে সম্পৃক্ত করার নির্দেশ প্রধানমন্ত্রীর



ছবি: সংগৃহীত

ডেঙ্গুর প্রকোপ মোকাবিলায় আগামী তিন মাসকে ঝুঁকিপূর্ণ সময় ধরে বিশেষ কর্মসূচি হাতে নিয়েছে সরকার। এ কর্মসূচিতে সরকারি উদ্যোগের পাশাপাশি সাধারণ মানুষকে সক্রিয়ভাবে যুক্ত হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) সচিবালয়ে ডেঙ্গু প্রতিরোধে করণীয় নিয়ে অনুষ্ঠিত এক সভায় প্রধানমন্ত্রী এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দেন। সভায় আগামী তিন মাসের ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতা বাড়ানোর ওপর গুরুত্ব দেওয়া হয়।

আগামী শনিবার (১২ সেপ্টেম্বর) প্রধানমন্ত্রী তারেক রহমানের উদ্বোধনের মধ্য দিয়ে শুরু হবে তিন মাসব্যাপী বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক কর্মসূচি।

সভায় প্রধানমন্ত্রী বলেন, ডেঙ্গু নিয়ন্ত্রণে শুধু মশকনিধন কার্যক্রমের ওপর নির্ভর করলে চলবে না। রোগের বিস্তার ঠেকাতে পরিচ্ছন্নতা ও জনসচেতনতার ওপরও জোর দিতে হবে। স্থানীয় প্রশাসন, স্বচ্ছাসেবী সংগঠন ও শিক্ষার্থীদের সম্পৃক্ত করে মাঠপর্যায়ে সমন্বিতভাবে কর্মসূচি বাস্তবায়নের নির্দেশ দেন তিনি।

তারেক রহমান বলেন, আগামী তিন মাস ডেঙ্গুর জন্য গুরুত্বপূর্ণ সময়। এ সময়ে সরকারের পাশাপাশি সাধারণ মানুষের অংশগ্রহণও প্রয়োজন। বাসাবাড়ি, শিক্ষাপ্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি স্থাপনা এবং এসবের আশপাশের এলাকা নিয়মিত পরিষ্কার রাখার বিষয়ে মানুষকে উদ্বুদ্ধ করতে হবে।

কর্মসূচির বাস্তবায়নে মহানগর এলাকায় সংশ্লিষ্ট সিটি করপোরেশন এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসকেরা সমন্বয়ের দায়িত্ব পালন করবেন। উপজেলা পর্যায়ে স্থানীয় কার্যক্রম সমন্বয় করবেন উপজেলা নির্বাহী কর্মকর্তারা (ইউএনও)।

তিন মাসের এ পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জনসচেতনতামূলক অভিযানে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্বচ্ছাসেবকদের পাশাপাশি স্কাউট, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি), গার্ল গাইডস, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির স্বচ্ছাসেবক এবং স্কুল-কলেজের শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হবে।